গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**অধ্যক্ষের কার্যালয়**
রাজশাহী কলেজ, রাজশাহী।

e-mail: rcadmsn@gmail.com website: http://rc.gov.bd / http://rc.edu.bd
online news portal: http://rc.edu.bd/rcbarta Fax: 02588853145

স্মারক নং: ৩৭.০২.৮১২২.১০১.২৪. ২৬০২

তারিখ ০৫ অগ্রহায়ণ ১৪৩১ ব:
২০ নভেম্বর ২০২৪ খ্রি.

# ২০২৩ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ১ম বর্ষ পরীক্ষার ফরম পূরণের বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২৩ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ১ম বর্ষ পরীক্ষার ফরম পূরণ নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী Online-এ সম্পন্ন করা হবে। উল্লিখিত পরীক্ষার আবেদন ফরম, বিবরণী ফরম আনুষঙ্গিক কাগজপত্র পূরণ ও জমাদানের তারিখ এবং ফরম পূরণের বিস্তারিত নিয়মাবলী নিম্নে দেওয়া হলো।

## পরীক্ষার ফরম পূরণের সময়সূচি

| গ্রুপের নাম | তারিখ | স্থান |
|---|---|---|
| সকল গ্রুপ (বিএ, বিএসএস, বিএসসি, বিবিএস এবং সার্টিফিকেট কোর্স) | ২৪/১১/২০২৪ থেকে ২৮/১১/২০২৪ | সংস্কৃত বিভাগ, রাজশাহী কলেজ, রাজশাহী |

**১। পরীক্ষার ফিস জমা:**

(ক) নিয়মিত ছাত্র-ছাত্রী যাদের DBBL মোবাইল এ্যাকাউন্ট আছে তারা নিজেদের একাউন্ট থেকে অথবা এজেন্ট বা অন্য একাউন্ট থেকে নিম্নোক্ত নিয়ম অনুসারে প্রথমে ফরমপূরণের ফি পরিশোধ কর এবং পরে ***http://180.211.183.206/EasyCollegeMate/public/Degree/formfillup*** লিংকে প্রবেশ করে Student ID ও Level পূরণ করে **Next** বাটন চেপে **পেমেন্ট কনফার্মেশন স্লিপ** ডাউনলোড কর।

(খ) অনিয়মিত ও মানোন্নয়ন ছাত্র-ছাত্রীদেরকে পেমেন্ট অপশনে যাওয়ার আগে ***http://180.211.183.206/EasyCollegeMate/public/Degree/formfillup*** লিংকে অথবা ***http://rc.gov.bd/admission-formfillup/*** লিংকের ***Degree (Pass) Form Fillup*** লিংকে প্রবেশ করে **Click Here** বাটনে ক্লিক করার পর পর্যায়ক্রমে আইডি নম্বর ও payment type থেকে পত্রসংখ্যা সিলেক্ট করে Next বাটনে চাপ দিলে ডাচ্-বাংলা ব্যাংকের পেমেন্ট অপশন আসবে। তারপর DBBL ফি পরিশোধের নিম্নোক্ত পদ্ধতি অনুযায়ী পেমেন্ট করতে হবে। এরপর পেজ রিফ্রেস করে অথবা পুনরায় উক্ত লিংকে প্রবেশ করে **পেমেন্ট কনফার্মেশন স্লিপ** ডাউনলোড করবে।

**ফরমপূরণের ফি পরিশোধ সংক্রান্ত DBBL নিয়মাবলী:**

১। যে সকল মোবাইলে DBBL মোবাইল এ্যাকাউন্ট রয়েছে, সেই মোবাইল থেকে *৩২২# ডায়াল করে DBBL মোবাইল ব্যাংক মেনুতে যান
২। পেমেন্ট 1 (One) সিলেক্ট করুন
৩। Self 1 (One) সিলেক্ট করুন
৪। Other 2 (Two) সিলেক্ট করুন
৫। Enter Payer Mobile Number (Enter Student Mobile Number)
৬। Other 0 (Zero) সিলেক্ট করুন
৭। রাজশাহী কলেজের Biller ID 304 টাইপ করুন
৮। Bill No-এ আপনার Class ID (উদাহরণ-2020000001) দিন
৯। টাকার পরিমাণ লিখুন
১০। PIN টাইপ করুন
১১। OK/Send বাটন চাপুন
১২। পেমেন্ট সফলভাবে সম্পূর্ণ হলে /Trx id পাবেন এবং আপনার ফরম পূরণ স্বয়ংক্রিয়ভাবে সম্পন্ন হবে এবং ফরম পূরণের লিংক এ গিয়ে আপনার পেমেন্ট স্লিপ ডাউনলোড করুন।

২। আ

ক) স্নাতক (পাস) পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ডের ফটোকাপি-১ কপি করে।
খ) অনলাইন আবেদন ফরমের নির্দিষ্ট স্থানে স্বাক্ষর করে সদ্য তোলা পাসপোর্ট আকারের সত্যায়িত ২ কপি রঙিন ছবি সংযুক্ত করে কমিটির নিকট জমা দিতে হবে।
গ) ফরম পূরণের আবেদন ফরমের স্টুডেন্ট কপি অধ্যক্ষ/দায়িত্বপ্রাপ্ত শিক্ষকের স্বাক্ষর ও সীলসহ শিক্ষার্থীকে সংশ্লিষ্ট কমিটি ফেরত দিবে।
ঘ) Confirmation Slip-এর ডাউনলোড কপি আবেদনপত্রের সঙ্গে কমিটির নিকট জমা দিতে হবে।

৩। সম্ভাব্য পরীক্ষার্থীর তালিকা, বিষয় সংকেত বিবরণী ফরম, ডাটা এন্ট্রি সফ্‌টওয়ার ও পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলীসহ প্রয়োজনীয় তথ্যাদি জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (www.nubd.info/degree-pass) পাওয়া যাবে। উক্ত ওয়েবসাইট যথাসময়ে চালু হবে এবং ডাটা এন্ট্রির নির্ধারিত সময়ের পর তা স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাবে বিধায় যথাসময়ে পরীক্ষার্থী ও কলেজকে ডাটা এন্ট্রি সম্পন্ন করতে হবে।

## ৪। পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলী :

**(ক) ডিগ্রী পাস কোর্স ১ম বর্ষ পরীক্ষা (নিয়মিত) (৭০০ নম্বর):**

i) ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের নিয়মিত শিক্ষার্থী ও ২০২৩ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থীরা এ পরীক্ষায় অংশগ্রহণ করবে।

**(খ) ডিগ্রী পাস কোর্স ১ম বর্ষ পরীক্ষা (অনিয়মিত) :**

i) ২০১৯-২০২০, ২০২০-২০২১ ও ২০২১-২০২২ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০২০, ২০২১ ও ২০২২ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০২০, ২০২১ এবং ২০২২ সালের ১ম বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করেনি অথবা অংশগ্রহণ করে অকৃতকার্য (Not Promoted) হয়েছে তারা এ পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করবে।

ii) ২০১৭-২০১৮, ২০১৮-২০১৯, ২০১৯-২০২০, ২০২০-২০২১ এবং ২০২১-২০২২ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৮, ২০১৯, ২০২০, ২০২১ এবং ২০২২ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০১৮, ২০১৯, ২০২০, ২০২১ ও ২০২২ সালের ১ম বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করে এক বা একাধিক বিষয়ে F গ্রেড পেয়ে ২য় বর্ষে উত্তীর্ণ হয়েছে সে সকল শিক্ষার্থীগণ F গ্রেড প্রাপ্ত কোর্সে এ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

iii) ২০১৭-২০১৮, ২০১৮-২০১৯, ২০১৯-২০২০, ২০২১-২০২২ এবং ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৮, ২০১৯, ২০২০, ২০২১ এবং ২০২২ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০১৮, ২০১৯, ২০২০, ২০২১ ও ২০২২ সালের ১ম বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করে Promoted-C পেয়ে ২য় বর্ষে উত্তীর্ণ হয়েছে তাদের অনুপস্থিত কোর্সে এ পরীক্ষায় অংশগ্রহণ করা বাধ্যতামূলক।

iv) উপরোক্ত শিক্ষার্থীদেরকে ১ম বর্ষে "স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস" আবশ্যিকপত্রসহ নৈর্বাচনিক বিষয়গুলোর ১ম ও ২য় পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

v) ১ম বর্ষের সকল পরীক্ষায় অংশগ্রহণ করা বাঞ্ছনীয়।

**(গ) ডিগ্রী পাস কোর্স ১ম পরীক্ষা মানোন্নয়ন পরীক্ষার্থী:**

i) ২০১৮-২০১৯, ২০১৯-২০২০, ২০২০-২০২১ ও ২০২১-২০২২ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৯, ২০২০, ২০২১ ও ২০২২ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী ২০২২ সালের ১ম বর্ষ পরীক্ষায় প্রথম বারের মত অংশগ্রহণ করে যে সমস্ত কোর্সে C এবং D গ্রেড পেয়েছে তারা C এবং D গ্রেড পাওয়া সর্বোচ্চ দুটি কোর্সে মনোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। তবে পূর্বে F গ্রেড প্রাপ্ত পত্রে C এবং D গ্রেডে উন্নীত হলে ঐ পত্রে মানোন্নয়ন পরীক্ষার কোন সুযোগ নাই।

**ঘ) সার্টিফিকেট কোর্স পরীক্ষা (২০০ নম্বর):**

i) ২০২৩ সালের সার্টিফিকেট কোর্স-এ রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থীরা এ পরীক্ষায় ১ম বর্ষের নির্ধারিত ১ম ও ২য় পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

ii) ২০২০, ২০২১ ও ২০২২ সালের সার্টিফিকেট কোর্সের শিক্ষার্থী যারা ১ম বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করেনি বা অংশগ্রহণ করে অকৃতকার্য (Not Promoted) হয়েছে তারা ১ম বর্ষের নির্ধারিত ১ম ও ২য় পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করবে।

iii) এ সকল শিক্ষার্থীরা ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের সিলেবাস অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করবে।

## ৫। অনলাইনে আবেদন ফরম পূরণ (শিক্ষার্থীদের জন্য) :

ক) আবেদনকারীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nubd.info/degree-pass) এ গিয়ে Apply to online form Fillup (For Student)-এ লিংকে ক্লিক করে নিজের রেজিস্ট্রেশন নম্বর দিয়ে ও ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী নিজের ডাটা এন্ট্রি করতে হবে। ডাটা এন্ট্রির প্রক্রিয়া সম্পন্ন হলে, অনলাইন থেকে একটি পূরণকৃত আবেদন ফরম প্রিন্ট করে নিতে হবে। পূরণকৃত ফরমটিতে পরীক্ষার্থীর বিষয়কোড এবং ফি উল্লেখ থাকবে।

খ) প্রত্যেক শিক্ষার্থীদের সম্প্রতি তোলা ০২(দুই) কপি স্ট্যাম্প সাইজের ছবি (অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত) আবেদন ফরমের নির্ধারিত স্থানে আইকা গাম দ্বারা আটকিয়ে দিতে হবে।

গ) ফিসহ প্রিন্টকৃত আবেদন ফরমে দুইটি অংশ থাকবে। উভয় অংশে অধ্যক্ষ কর্তৃক স্বাক্ষর করার পর উপরের অংশ পরীক্ষার্থী সংরক্ষণ করবে এবং নিচের অংশটি আবেদনকারী স্বাক্ষর করে কলেজ কর্তৃক নির্ধারিত ডেস্কে অবশ্যই জমা দিতে হবে।

## ৬। অনলাইনে পরীক্ষার্থী ডাটা এন্ট্রি (কলেজের জন্য) :

ক) পরীক্ষার্থীদের ডাটা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে সরাসরি অনলাইনে-সঠিক এন্ট্রি করা হয়েছে কি-না তা সম্ভাব্য পরীক্ষার্থীদের তালিকা (Probable List) এর সাথে যাচাই পূর্বক যথাযথ নিশ্চিত হয়ে জমাকৃত আবেদনগুলিকে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (www.nubd.info/degree-pass)-এ গিয়ে (College Login (For College Authority) প্রবেশ করে (College Password ব্যবহার করে পরীক্ষার্থীর ডাটা এন্ট্রি সঠিক হলে নিশ্চয়ন করতে হবে এবং নিশ্চয়নের সময় ইন-কোর্স নম্বর (Incourse Mark) Entry) করতে হবে। ইন-কোর্স নম্বর ছাড়া ডাটা এন্ট্রি নিশ্চয়ন হবে। এভাবে সকল পরীক্ষার্থীর ডাটা এন্ট্রি নিশ্চয়ন হওয়ার পর পরীক্ষার্থীর বিবরণী প্রিন্ট বের করে অধ্যক্ষ স্বাক্ষর করবেন।

খ) পূরণকৃত আবেদনপত্রে রেজিস্ট্রেশন বিবরণী অনুযায়ী শিক্ষার্থীর নাম, রেজিস্ট্রেশন নম্বর, শিক্ষাবর্ষ, বিষয় কোড সঠিক আছে কি না তা যাচাই পূর্বক অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ স্বাক্ষর করবেন। ভুল তথ্য প্রদানের জন্য সংশ্লিষ্ট অধ্যক্ষ দায়ী থাকবেন।

গ) শিক্ষার্থীর ডাটা সফটওয়ারে এন্ট্রি করার সাথে সাথে তার বিবরণী ফরম ও ফি বিবরণী ফরম অটো সিস্টেমে পূরণ হয়ে যাবে। ডাটা ঙহষরহব এ এন্ট্রি ব্যতিত হাতে তৈরি বিবরণী ফরম ও ফি বিবরণী ফরম গ্রহণ করা হবে না।

ঘ) কলেজের সকল শিক্ষার্থীর ডাটা পূর্ণাঙ্গভাবে এন্ট্রি করার পর সংশ্লিষ্ট ওয়েবসাইট থেকে Print করতে হবে এবং যথানিয়মে পরীক্ষার্থী বিবরণী, ফি বিবরণী ও প্রশ্নপত্রের চাহিদা বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট শাখা/স্ব-স্ব আঞ্চলিক কেন্দ্রে জমা দিতে হবে।

ঙ) পূরণকৃত আবেদন ফরমের সকল প্রক্রিয়া সম্পন্ন হওয়ার পর তা কলেজে সীলগালা অবস্থায় **(এ সমস্ত কাগজপত্র ফরম পূরণের পর থেকে ফলাফল প্রকাশের পর ছয় মাস পর্যন্ত)** সংরক্ষিত থাকবে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ যে কোন সময় তা যাচাইয়ের জন্য তলব করতে পারবে।

চ) **বিবরণী ফরম পূরণের পর কোন পরীক্ষার্থীর নাম বাদ পড়েছে কিনা বা একজনের পরিবর্তে অন্য পরীক্ষার্থীর নাম এন্ট্রি হয়েছে কিনা তা ভালভাবে যাচাই করে দেখতে হবে। ফরম জমা দানের পর এ ধরণের কোন আপত্তি গ্রহণ করা হবে না।**

## ৭। বিবরণী ফরম ও হিসাব বিবরণী জমাদানের নিয়মাবলী (কলেজের জন্য) :

আবেদন ফরমের ডাটা সঠিকভাবে এন্ট্রি করার পর প্রিন্ট কপি সংশ্লিষ্ট পরীক্ষার্থী ও অধ্যক্ষ কর্তৃক স্বাক্ষরিত হবার পর গ্রুপ অনুযায়ী পৃথকভাবে বাঁধাই করে উক্ত পরীক্ষার্থী বিবরণী, হিসাব বিবরণী (দুই কপি) এবং অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট শাখা/ স্ব-স্ব আঞ্চলিক কেন্দ্রে নির্ধারিত সময়ের মধ্যে জমা দিতে হবে এবং ফটোকপি কলেজে সংরক্ষণ করতে হবে।

৮। **প্রবেশপত্র সংশোধন :**

ক) প্রবেশপত্র কোনক্রমেই কাটাকাটি বা সংশোধন করা যাবে না। প্রবেশপত্রে যদি কোন ভুল থাকে তা সংশোধনের জন্য আনুষঙ্গিক কাগজপত্র সহ ডিগ্রী পাস শাখার উপ-পরীক্ষা নিয়ন্ত্রক-এর সাথে যোগাযোগ করতে হবে।

**খ) রেজিস্ট্রেশন কার্ডে বর্ণিত বিষয় কোড অনুযায়ী ফরম পূরণ ও পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।**

৯। **রেগুলেশন :**

২০২২ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ১ম বর্ষ পরীক্ষা জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১৩-২০১৪ রেগুলেশন অনুযায়ী অনুষ্ঠিত হবে। পূর্ণাঙ্গ রেগুলেশন জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.nu.ac.bd তে দেওয়া আছে।

১০। **সিলেবাস (নিম্নে বর্ণিত সিলেবাস অনুযায়ী প্রশ্নপত্র প্রণয়ন করা হবে):**

২০২৩ সালের ডিগ্রী পাস কোর্স ১ম বর্ষ পরীক্ষার সকল শিক্ষার্থীকে ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের প্রণীত সিলেবাস অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

১১। **ইন-কোর্স পরীক্ষার নম্বর প্রেরণ :**

নিয়মিত, অনিয়মিত ও প্রাইভেট শিক্ষার্থীরা নিজ নিজ কলেজে উপস্থিত হয়ে ইন-কোর্স পরীক্ষায় ফরম পূরণের পূর্বে অংশগ্রহণ করবে। কলেজ কর্তৃপক্ষ পরীক্ষার্থীদের প্রতিটি পত্রের ইনকোর্স/টিউটোরিয়াল নম্বর আবেদন ফরম পূরণের নির্ধারিত সফটওয়ারের অনলাইনে পরীক্ষার্থীদের রেজিস্ট্রেশন নম্বরের বিপরীতে প্রাপ্ত নম্বর এন্ট্রি করে প্রেরণ করবেন। প্রেরিত নম্বরের প্রিন্টকপি যাচাই করে বিভাগীয় প্রধান ও অধ্যক্ষ কর্তৃক স্বাক্ষরিত হওয়ার পর মূল কপিগুলো বিষয়ওয়ারী আলাদা খামে সীলগালা করে উপ-পরীক্ষা নিয়ন্ত্রক, ডিগ্রী পাস শাখা, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর এ তত্ত্বীয় পরীক্ষা আরম্ভ হওয়ার পূর্বেই হাতে হাতে জমা দিতে হবে এবং ফটোকপি কলেজে সংরক্ষণ করতে হবে।

১২। **ফলাফল: এ পরীক্ষার ফলাফল গ্রেডিং পদ্ধতিতে প্রকাশ করা হবে।**

১৩। **পাশ নম্বর :**

| | |
|---|---|
| কোর্সের নম্বর | ১০০ (৪ ক্রেডিট) (৮০ নম্বর লিখিত পরীক্ষা এবং ২০ নম্বর ইনকোর্স) |
| সর্বনিম্ন পাস নম্বর | ৪০ |
| সর্বনিম্ন গণনাযোগ্য ক্রেডিট | D |

* ১ম বর্ষ থেকে ২য় বর্ষ উত্তীর্ণ হওয়ার জন্য ০৭টি পত্র মধ্যে কমপক্ষে ০৩টি পত্রে D গ্রেড বা এর বেশী গ্রেড পেতে হবে।
* সকল পত্রের পরীক্ষায় উপস্থিত থাকতে হবে।
* লিখিত ও ইন-কোর্স পরীক্ষার নম্বর যোগ করে ফলাফল নির্ধারণ করা হবে। পূর্ণাঙ্গ রেগুলেশন জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.nu.ac.bd এ দেওয়া আছে।

*** জাতীয় বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তরের বিজ্ঞপ্তি যথাযথভাবে অনুসরণ করার জন্য ২০২৩ সালের ডিগ্রী পাস কোর্স পরীক্ষা পরিচালনা কমিটির আহ্বায়কসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ ও পরামর্শ দেয়া হলো।

**বি:দ্র: নিয়মিত, অনিয়মিত এবং মানোন্নয়ন পরীক্ষার্থীদেরকে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় ফি DBBL এর মাধ্যমে ও প্রাইভেট শিক্ষার্থীদেরকে কলেজ ক্যাশ শাখায় জমা দিতে হবে।**

স্বাঃ
অধ্যক্ষ
রাজশাহী কলেজ, রাজশাহী।

স্মারক নং: ৩৭.০২.৮১২২.১০১.২৪. ২৬০২ (৫)

তারিখ ০৫ অগ্রহায়ণ ১৪৩১ ব: / ২০ নভেম্বর ২০২৪ খ্রি.

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হ'ল :**

১। উপাধ্যক্ষ, রাজশাহী কলেজ, রাজশাহী
২। আহ্বায়ক, ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ১ম বর্ষ পরীক্ষা কমিটি-২০২৩, রাজশাহী কলেজ, রাজশাহী।
৩। আইসিটি শাখা, রাজশাহী কলেজ, রাজশাহী।
৪। ম্যানেজার, DBBL, রাজশাহী।
৫। ক্যাশিয়ার, রাজশাহী কলেজ, রাজশাহী।
৬। নথি সংরক্ষণ।

২০/১১/২০২৪
অধ্যক্ষ
রাজশাহী কলেজ, রাজশাহী।
২০/১১/২০২৪